| | | |
|---|---|---|
| | তর্জনী আঙ্গুল সম্পূর্ণরূপে কাটা বা খোয়া গেলে অথবা মাঝের আঙ্গুল সম্পূর্ণরূপে কাটা বা খোয়া গেলে। | |
| ৬. | অনামিকা আঙ্গুল সম্পূর্ণরূপে কাটা বা খোয়া গেলে অথবা ছোট আঙ্গুল সম্পূর্ণরূপে কাটা বা খোয়া গেলে অথবা পায়ের বড় আঙ্গুল ছাড়া যেকোন একটি কাটা বা খোয়া গেলে অথবা পায়ের বড় আঙ্গুলসহ চার আঙ্গুল সম্পূর্ণরূপে কাটা বা খোয়া গেলে অথবা পায়ের বড় আঙ্গুল সম্পূর্ণরূপে কাটা বা খোয়া গেলে। | বীমা অংকের ১০% |

বিঃ দ্রঃ আংশিক স্থায়ী অক্ষমতা/পঙ্গুত্ব হওয়ার পর মৃত্যুবরণ করলে মৃত্যু দাবী (বীমা অংক) থেকে আংশিক স্থায়ী অক্ষমতা/পঙ্গুত্ব জনিত প্রদেয় দাবী বাদ দিয়ে অবশিষ্ট বীমা অংক মৃত্যু দাবী হিসেবে প্রদান করা হবে।

তফসিল-ঘঃ চাকুরিচ্যুতি (Jobless) দাবী

| ক্রঃ | ক্ষতির বিবরণ | প্রদেয় আর্থিক সুবিধা |
|---|---|---|
| ১. | বিদেশ গমনের পর চাকুরিচ্যুত হয়ে ০৬ (ছয়) মাসের মধ্যে বাংলাদেশে ফেরত আসলে। | ৫০,০০০.০০ (পঞ্চাশ হাজার) টাকা প্রদেয়। তবে নিয়োগ কারীর সম্পূর্ণ খরচে বিদেশ গামী কর্মীদের ক্ষেত্রে এ সুবিধা প্রযোজ্য হবে না। |

### ০৪. দাবী নিস্পত্তি

**দাবী পরিশোধ প্রক্রিয়া**: এ চুক্তিপত্র অনুযায়ী বিদেশগামী বাংলাদেশি কর্মী (বীমাগ্রাহক) বর্হিগমন ছাড়পত্র প্রদানের তারিখ হতে ০৫ (পাঁচ) বছরের মধ্যে বিদেশে/ বাংলাদেশে মৃত্যুবরণ/ সম্পূর্ণ স্থায়ী অক্ষমতা (পঙ্গুত্ব) TPD/ আংশিক স্থায়ী অক্ষমতা (পঙ্গুত্ব) PPD বরণ করেন/ বিদেশ গ্রমনের পর চাকুরিচ্যুত হয়ে ০৬ (ছয়) মাসের মধ্যে বাংলাদেশে ফেরত আসলে, সেক্ষেত্রে WEWB বীমা দাবীর স্বপক্ষে প্রয়োজনীয় কাগজপত্রাদি পরীক্ষা-নিরীক্ষা পূর্বক সুপারিশ JBC কে প্রেরণ করবে। উক্ত সুপারিশের প্রেক্ষিতে চুক্তি অনুসরণ পূর্বক JBC দাবীর আর্থিক সুবিধা বাংলাদেশি টাকায় WEWB কে অনতিবিলম্বে পরিশোধ করবে।

### ০৫. বীমা সার্টিফিকেট সংগ্রহ

কর্পোরেশনের ওয়েব সাইট থেকে ই-সার্ভিসের মাধ্যমে প্রবাসী কর্মীগণ বীমা সার্টিফিকেট সংগ্রহ করতে পারেন।

**"বাংলাদেশের রেমিটেন্স যোদ্ধাদের সেবা দিতে পেরে জীবন বীমা কর্পোরেশন গর্বিত।"**

# প্রবাসী কর্মী বীমা



মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রবাসী কর্মী বীমার সনদ প্রদান করছেন।


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়

**জীবন বীমা কর্পোরেশন**

(একমাত্র রাষ্ট্রীয় জীবন বীমা প্রতিষ্ঠান)

গ্রুপ বীমা ডিভিশন

প্রধান কার্যালয়: ২৪ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০

ফোন: ০২-২২৩৩৮১৪২৩, ৪১০৫২৭৭২

E-mail: gid@jbc.gov.bd, Web: www.jbc.gov.bd



সৌজন্যেঃ বাংলাদেশের বীমা খাত উন্নয়ন প্রকল্প (BISDP)

# প্রবাসী কর্মী বীমা

বাংলাদেশের সিংহভাগ বৈদেশিক আয় প্রবাসী কর্মীদের মাধ্যমে অর্জিত হয়ে থাকে, যা বাংলাদেশের অর্থনৈতিক প্রবৃদ্ধিতে বিশেষ অবদান রাখছে। প্রবাসী কর্মীদের দীর্ঘদিনের দাবী বাস্তবায়নের নিমিত্ত প্রবাসী কর্মীদের আর্থিক নিরাপত্তা এবং কল্যাণের কথা বিবেচনা করে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধান মন্ত্রী কর্তৃক বিদেশগামী কর্মীদের বীমার আওতায় আনয়নের সিদ্ধান্ত অনুযায়ী প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতাধীন ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড এর অধীনে জীবন বীমা কর্পোরেশনের মাধ্যমে প্রবাসী কর্মী বীমা বাস্তবায়নের জন্য বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ বাধ্যতামূলক প্রবাসী কর্মী বীমা নীতিমালা জারি করে। এ নীতিমালা অনুযায়ী জীবন বীমা কর্পোরেশন এবং ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড এর মধ্যে ১১ ডিসেম্বর ২০১৯ তারিখে সম্পাদিত চুক্তির মাধ্যমে বাধ্যতামূলক "প্রবাসী কর্মী বীমা" চালু হয়।

জীবন বীমা কর্পোরেশন অত্যন্ত সুনামের সাথে প্রবাসী কর্মীদের বীমা সেবা প্রদান করে আসছে। এই সেবার ধারাবাহিকতায় জীবন বীমা কর্পোরেশন এবং ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের মধ্যে সম্পাদিত ১ম, ২য় ও ৩য় চুক্তির মেয়াদ যথাক্রমে ১০ ডিসেম্বর ২০২০, ১০ ডিসেম্বর ২০২২ ও ৩১ ডিসেম্বর ২০২২ শেষ হয়। প্রবাসী কর্মী বীমা পরিকল্পের সুবিধা ও মেয়াদ বাড়িয়ে ১২ মার্চ ২০২৩ তারিখ পুনরায় চুক্তি স্বাক্ষরিত হয়, যা ১ জানুয়ারি ২০২৩ থেকে কার্যকর রয়েছে।

### ০১. প্রবাসী কর্মী বীমা

প্রবাসী কর্মী বীমা জীবন বীমা কর্পোরেশনের একটি পরিকল্প যার মাধ্যমে বিদেশগামী কর্মীদের গ্রুপ বীমার আওতায় স্বল্প প্রিমিয়ামের বিনিময়ে ক) মৃত্যু (Death) দাবী খ) সম্পূর্ণ এবং স্থায়ী অক্ষমতা/পঙ্গুত্ব (Total and Permanent Disability (TPD) Disability (PPD) দাবী ঘ) চাকুরিচ্যুতি (Jobless) দাবীসহ বিদেশগামী কর্মীদের বীমার আওতায় আনা হচ্ছে।

### ০২. প্রবাসী কর্মী বীমা পরিকল্প

| | | |
|---|---|---|
| ১. | বীমা অংক | ১০,০০,০০০.০০ (দশ লক্ষ) টাকা। |
| ২. | বীমার মেয়াদ | ০৫ (পাঁচ) বছর। |
| ৩. | বয়স সীমা | ১৮ থেকে ৫৫ বছর। |
| ৪. | প্রদেয় প্রিমিয়াম | ১,০০০.০০ (এক হাজার) টাকা এককালীন। |
| ৫. | সুবিধা | বীমার মেয়াদের মধ্যে বীমাকৃত ব্যক্তির মৃত্যু হলে সম্পূর্ণ বীমা অংক তফসিল-ক অনুযায়ী প্রদেয়। সম্পূর্ণ স্থায়ী পঙ্গুত্ব (অক্ষমতা) হলে সম্পূর্ণ বীমা অংক তফসিল-খ অনুযায়ী প্রদেয়। আংশিক স্থায়ী পঙ্গুত্ব (অক্ষমতা) হলে বীমা অংকের একটি নির্দিষ্ট অংক শতকরা হার তফসিল-গ অনুযায়ী প্রদেয়। চাকুরিচ্যুত হয়ে ৬ (ছয়) মাসের মধ্যে বাংলাদেশে ফেরত আসলে তফসিল-ঘ অনুযায়ী আর্থিক সুবিধা প্রদেয়। |

### ০৩. প্রবাসী কর্মী বীমা সুবিধাসমূহ

তফসিল-ক: মৃত্যু (Death) দাবী

| ক্র: | ক্ষতির বিবরণ | প্রদেয় আর্থিক সুবিধা |
|---|---|---|
| ১. | স্বাভাবিক মৃত্যু। | বীমা অংকের ১০০% |
| ২. | দুর্ঘটনাজনিত কারণে বীমার মেয়াদকালে অথবা বীমার মেয়াদ উত্তীর্ণের পর ৯০ দিনের মধ্যে মৃত্যুবরণ করলে। | বীমা অংকের ১০০% |

তফসিল-খ: সম্পূর্ণ এবং স্থায়ী অক্ষমতা/পঙ্গুত্ব (Total and Permanent Disability (TPD) দাবী

| ক্র: | ক্ষতির বিবরণ | প্রদেয় আর্থিক সুবিধা |
|---|---|---|
| ১. | উভয় চক্ষুর দৃষ্টিশক্তি নষ্ট হলে। | বীমা অংকের ১০০% |
| ২. | কব্জি পর্যন্ত উভয় হাত কাটা/খোয়া গেলে (Loss)। | বীমা অংকের ১০০% |
| ৩. | গোড়ালির নীচ থেকে উভয় পা কাটা/খোয়া গেলে (Loss)। | বীমা অংকের ১০০% |
| ৪. | কব্জি পর্যন্ত এক হাত এবং গোড়ালির নীচ থেকে এক পা কাটা/ খোয়া গেলে (Loss)। | বীমা অংকের ১০০% |
| ৫. | এক চক্ষু নষ্ট এবং কব্জি পর্যন্ত এক হাত কাটা/খোয়া গেলে (Loss)। | বীমা অংকের ১০০% |
| ৬. | এক চক্ষু এবং গোড়ালীর নীচ থেকে এক পা নষ্ট/কাটা/খোয়া গেলে (Loss)। | বীমা অংকের ১০০% |

তফসিল-গ: আংশিক স্থায়ী অক্ষমতা/পঙ্গুত্ব (Partial Permanent Disability (PPD) দাবী

| ক্র: | ক্ষতির বিবরণ | প্রদেয় আর্থিক সুবিধা |
|---|---|---|
| ১. | গর্দান থেকে পুরো হাত (Full Limb) কাটা বা খোয়া গেলে অথবা উরুসন্ধি হতে (Lower Limb) পুরো পা কাটা বা খোয়া গেলে। | বীমা অংকের ৯০% |
| ২. | কনুই পর্যন্ত এক হাত কাটা বা খোয়া গেলে অথবা হাটুর নিচ (Below Knee) থেকে সম্পূর্ণ কাটা বা খোয়া গেলে। | বীমা অংকের ৭৫% |
| ৩. | এক চোখের দৃষ্টিশক্তি হারিয়ে গেলে অথবা কব্জি পর্যন্ত এক হাত কাটা বা খোয়া গেলে। | বীমা অংকের ৫০% |
| ৪. | নিচের চোয়াল সরে গেলে অথবা বৃদ্ধাঙ্গুলিসহ হাতের চার আঙ্গুল সম্পূর্ণরূপে কাটা গেলে। | বীমা অংকের ২৫% |
| ৫. | হাতের বৃদ্ধাঙ্গুলি সম্পূর্ণরূপে কাটা বা খোয়া গেলে অথবা পায়ের সকল আঙ্গুল কাটা বা খোয়া গেলে অথবা | বীমা অংকের ১৫% |